# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 30 April, 2025

নেত্রকোণার দুর্গাপুরে বন্ধুর প্রেমিকা কলেজছাত্রীকে ধর্ষণের অভিযোগে ফয়সাল আহমেদ ওরফে দুর্জয় (২৪) নামে এক ছাত্রদল নেতাকে আটক করেছে পুলিশ। অভিযোগ ওঠার পরপরই তাকে সংগঠন থেকে বহিষ্কার করেছে উপজেলা ছাত্রদল।

আটক ফয়সাল দুর্গাপুর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ও উপজেলার চণ্ডিগড় গ্রামের মজিবুর রহমানের ছেলে। মঙ্গলবার বিকেলে পৌর শহরের বিরিশিরি এলাকা থেকে তাকে আটক করা হয়।

দুর্গাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল হাসান জানান, ভুক্তভোগী ছাত্রী নেত্রকোণা শহরের বাসিন্দা এবং রাজধানীর একটি কলেজের সম্মান তৃতীয় বর্ষের শিক্ষার্থী। তার সঙ্গে কলমাকান্দার এক ছাত্রের প্রেমের সম্পর্ক রয়েছে, সম্প্রতি পারিবারিকভাবে তাদের বিয়ে ঠিক হয়।সোমবার তারা ঘুরতে আসেন দুর্গাপুরে।

বন্ধু ফয়সালের পরামর্শে তারা বিরিশিরির একটি হোটেলে ওঠেন।বিকেল তিনটার দিকে খাবার কিনতে বের হলে ছাত্রীর হবু স্বামীকে ফাঁদে ফেলে পুলিশে ধরিয়ে দেন ফয়সাল। তিনি পুলিশকে জানান, তার বন্ধু ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত।পরে পুলিশ তাকে আটক করে।

হবু স্বামীর কাছ থেকে ঘটনার বর্ণনা শুনে পুলিশ হোটেলে গেলে ছাত্রীর চিৎকার শুনে দরজা ভেঙে তাকে উদ্ধার করে এবং ঘটনাস্থল থেকে ফয়সালকে আটক করে।

এ ঘটনায় ভুক্তভোগী ছাত্রী বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেছেন।

ফয়সালকে গ্রেপ্তার দেখিয়ে বুধবার আদালতে পাঠানো হবে।মেয়েটির শারীরিক পরীক্ষার জন্য নেত্রকোণা আধুনিক সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক অনিক মাহবুব চৌধুরী জানান, সংগঠনের শৃঙ্খলা ভঙ্গ ও গুরুতর অপরাধে জড়িত থাকায় ফয়সাল আহমেদকে ছাত্রদল থেকে বহিষ্কার করা হয়েছে।

কলেজছাত্রী ধর্ষণ পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:51

URL: https://www.timestodaybd.com/across-the-country/1639615593